# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১ ডিসেম্বর ২০১৫, ১৭ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নির্বাহী কাজে গতি আনতে মন্ত্রিসভা ও সচিব কমিটি : দ্রুত সিদ্ধান্ত আসবে, বাধা কমবে

২। বিশ্ব এইডস দিবস আজ : এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বাণী দিয়েছেন

৩। সব দাবিই নাকচ করল নির্বাচন কমিশন : এমপিরা প্রচারে অংশ নিতে পারবেন না

৪। টেকসই এসএমই খাতের বিকাশে প্রবাসী বাঙালিদের বিনিয়োগের আহ্বান শিল্পমন্ত্রীর

৫। ইইউ-বাংলাদেশ বিজনেস কাউন্সিল গঠন হবে : বাণিজ্যমন্ত্রী

৬। চিকিৎসার নামে ভণ্ডামি চলবে না : স্বাস্থ্যমন্ত্রী
- ১০ টাকায় নাক-কান-গলার বিশেষজ্ঞ চিকিৎসা

৭। জলবায়ু যুদ্ধে বিশ্বকে একাট্টা হওয়ার আহ্বান
: জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বাংলাদেশ সাফল্যের উদাহরণ

৮। সরকারি স্কুলে ভর্তির আবেদন শুরু আজ

৯। পাঁচ চাঞ্চল্যকর হত্যা মামলায় ফাঁসি ২৪ জনের

১০। ভারতে পরীক্ষামূলক ব্যান্ডউইডথ রপ্তানি শুরু আজ

১১। এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে বেশি ফি নিলে ব্যবস্থা নেওয়ার নির্দেশ হাইকোর্টের

১২। বিদেশি সংস্থার চরসহ চার জেএমবি সদস্য গ্রেফতার

চলমান পাতা/২

**১। নির্বাহী কাজে গতি আনতে মন্ত্রিসভা ও সচিব কমিটি : দ্রুত সিদ্ধান্ত আসবে, বাধা কমবে**

সরকারের দুই মন্ত্রণালয়ের মধ্যে বিরোধ হলে আদালতে না গিয়ে নিজেরাই তা নিষ্পত্তি করার জন্য দুটি কমিটি গঠনের প্রস্তাবে নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। মন্ত্রণালয়কে গতিশীল এবং আরও কর্মক্ষম করে তুলতে এ উদ্যোগ নেওয়া হচ্ছে। এ লক্ষ্যে সচিব কমিটি ও মন্ত্রিসভা কমিটি নামে পৃথক দুটি কমিটি গঠনের অনুমোদন দেওয়া হয়েছে। পাশাপাশি মন্ত্রিসভা দেড় হাজার মিটার বা তার চেয়ে বড় দৈর্ঘ্যের সেতু-টানেল ও ফ্লাইওভারসহ এক্সপ্রেসওয়ের নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব সেতু বিভাগের ওপর ন্যস্ত করে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন-২০১৫ এর খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে। গতকাল ৩০ নভেম্বর সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**২। বিশ্ব এইডস দিবস আজ : এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বাণী দিয়েছেন**

বিশ্ব এইডস দিবস আজ ১ ডিসেম্বর মঙ্গলবার। প্রতিবারের মতো এবারও বাংলাদেশে দিবসটি পালন করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ বছর বিশ্ব এইডস দিবসের প্রতিপাদ্য, 'এইচআইভি সংক্রমণ ও এইডস মৃত্যু : নয় একটিও আর, বৈষম্যহীন পৃথিবী গড়বো সবাই, এই আমাদের অঙ্গীকার'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.৩), **প্রথম আলো** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি অবজারভার** (পৃ.১,ক.১)।

**৩। সব দাবিই নাকচ করল নির্বাচন কমিশন : এমপিরা প্রচারে অংশ নিতে পারবেন না**

পৌর নির্বাচনে এমপিদের প্রচারের সুযোগ এবং তফসিল পেছানোসহ রাজনৈতিক দলগুলোর সব দাবি নাকচ করে দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল ৩০ নভেম্বর সোমবার কমিশন সভায় পৌরসভার ঘোষিত তফসিল অপরিবর্তিত রাখার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত হয়। এছাড়াও এমপিদের প্রচারের সুযোগ নিয়ে কমিশনের মধ্যে কিছুটা মতভিন্নতা থাকলেও বিতর্ক এড়াতে শেষ পর্যন্ত আচরণবিধি অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত হয়। তাই এবারের পৌর ভোটের প্রচারকাজে এমপিরা অংশ নিতে পারবে না। সূত্র-**ইত্তেফাক, সমকাল, যুগান্তর, যায়যায়দিন নিউ নেশন, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৪। টেকসই এসএমই খাতের বিকাশে প্রবাসী বাঙালিদের বিনিয়োগের আহ্বান শিল্পমন্ত্রীর**

বাংলাদেশে টেকসই ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের বিকাশে প্রবাসী বাঙালিদের বিনিয়োগের আহ্বান জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, অর্থনৈতিক মন্দা ও অভ্যন্তরীণ অপরাজনীতি মোকাবিলা করে বাংলাদেশ গত প্রায় একদশক ধরে ৬ শতাংশেরও বেশি জিডিপি প্রবৃদ্ধি বজায় রাখতে সক্ষম হয়েছে। এ অর্জনের পেছনে প্রবাসী বাঙালিদের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে বলে তিনি মন্তব্য করেন। শিল্পমন্ত্রী গত ২৯ নভেম্বর রোববার প্রবাসী বাঙালিদের নিয়ে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। অস্ট্রিয়ায় বাংলাদেশ দুতাবাসে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮, ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (পৃ.১৪,ক.১)।

**৫। ইইউ-বাংলাদেশ বিজনেস কাউন্সিল গঠন হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্য সম্পর্ক উন্নয়ন ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) এবং বাংলাদেশের ব্যবসায়ীদের সমন্বয়ে যৌথ বিজনেস কাউন্সিল গঠন করা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, এ বিজনেস কাউন্সিলে ইউরোপীয় ইউনিয়নের ২৫ জন এবং বাংলাদেশের এফবিসিসিআই, এমসিসিআই, ডিসিসিআই, চট্টগ্রাম চেম্বার, বিজিএমইএ এবং বিকেএমইএর ব্যবসায়ী প্রতিনিধিরা এ কাউন্সিলের সদস্য থাকবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৬। চিকিৎসার নামে ভণ্ডামি চলবে না : স্বাস্থ্যমন্ত্রী**

**- ১০ টাকায় নাক-কান-গলার বিশেষজ্ঞ চিকিৎসা**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, চিকিৎসার নামে ভণ্ডামি চলবে না। যারা বেসরকারি ক্লিনিক খুলে অপচিকিৎসা চালায়, রোগীকে সুস্থ করার পরিবর্তে মৃত্যুর মুখে ঠেলে দেয় তারা ডাক্তার নন, কসাই। তাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলতে হবে। গতকাল ৩০ নভেম্বর সোমবার রাজধানীর

চলমান পাতা/৩

তেজগাঁওয়ে জাতীয় নাক, কান, গলা ইনস্টিটিউট (ইএনটি) মিলনায়তনে মহান বিজয়ের মাস উপলক্ষে বিশেষ সেবা সপ্তাহ উদ্বোধনকালে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। 'আপনার সুস্থতা, আমাদের প্রচেষ্টা', এই স্লোগানকে সামনে রেখে গতকাল ৩০ নভেম্বর সোমবার থেকে শুরু হওয়া বিশেষ সেবা সপ্তাহ চলবে আগামী ৬ ডিসেম্বর পর্যন্ত। ইএনটি ইনস্টিটিউটে মাত্র ১০ টাকায় নাক, কান ও ও গলার বিশেষজ্ঞ চিকিৎসকদের মাধ্যমে চিকিৎসার সুযোগ করে দিয়েছে সরকার। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৮)।

**৭। জলবায়ু যুদ্ধে বিশ্বকে একাট্টা হওয়ার আহ্বান : জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বাংলাদেশ সাফল্যের উদাহরণ**

জলবায়ু যুদ্ধে বিশ্ববাসীকে একাট্টা হওয়ার আহ্বান জানিয়েছেন বিশ্বনেতারা। গতকাল ৩০ নভেম্বর সোমবার ফ্রান্সের প্যারিসে জলবায়ু সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্বনেতারা এ আহ্বান জানান। সম্মেলনে দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশের নাম উঠে এসেছে সাফল্যের উদাহরণ হিসেবে। ঝুঁকির মধ্যে থাকা দেশগুলোকে বাংলাদেশের দৃষ্টান্ত অনুসরণের আহ্বানও জানানো হলো। জলবায়ু সম্মেলনের সভাপতি ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী লরাঁ ফ্যাবিয়াস তার উদ্বোধনী বক্তৃতায় জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বাংলাদেশের দৃষ্টান্ত টেনে আনেন। তিনি বলেন, 'বাংলাদেশ বড় বড় ৯টি প্রাকৃতিক দুর্যোগ অত্যন্ত সাহসিকতার সঙ্গে মোকাবিলা করেছে। জলবায়ু পরিবর্তনের ফলে ঝুঁকিপূর্ণ ও ক্ষতিগ্রস্ত দেশগুলো বাংলাদেশের এই দৃষ্টান্তকে অনুসরণ করতে পারে।' জাতিসংঘের জলবায়ু বিষয়ক প্রধান ক্রিস্টিনা ফিগারেস বলেন, 'এর আগে কখনও এত অল্পজনের ওপর এত বিশাল দায়িত্ব বর্তায়নি।' সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)। **ডেইলি অবজারভার, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। সরকারি স্কুলে ভর্তির আবেদন শুরু আজ**

রাজধানীসহ সারাদেশের সরকারি স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া আজ ১ ডিসেম্বর মঙ্গলবার থেকে শুরু হবে। ঢাকা ও চট্টগ্রাম মহানগরী ছাড়া জেলা ও বিভাগীয় সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন শুরু হবে। এসএমএসের মাধ্যমে ১৩ ডিসেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। এ সময়সীমার মধ্যে www.gsa.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য www.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**৯। পাঁচ চাঞ্চল্যকর হত্যা মামলায় ফাঁসি ২৪ জনের**

পাঁচটি চাঞ্চল্যকর হত্যা মামলার পৃথক রায়ে গতকাল ৩০ নভেম্বর সোমবার মোট ২৪ জন আসামির ফাঁসির আদেশ দিয়েছে আদালত। দণ্ডপ্রাপ্ত আসামিদের মধ্যে গাজীপুরের কাপাসিয়ায় যুবলীগ নেতা জালাল হত্যার দায়ে ১১ জন, সিলেটে শিশু সাঈদ অপহরণ ও হত্যার দায়ে ৩ জন, নারায়ণগঞ্জে দুই শিশু শিক্ষার্থী হত্যায় ৫ জন, চট্টগ্রামে অটোচালক হত্যায় ৪ জন এবং কুষ্টিয়ায় অন্তঃসত্ত্বা স্ত্রী হত্যার দায়ে স্বামীর মৃত্যুদণ্ডের আদেশ দেন বিজ্ঞ বিচারক। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)। **জনকণ্ঠ, সংবাদ, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। ভারতে পরীক্ষামূলক ব্যান্ডউইডথ রপ্তানি শুরু আজ**

ভারতে পরীক্ষামূলক ব্যান্ডউইডথ রপ্তানি শুরু হচ্ছে আজ ১ ডিসেম্বর মঙ্গলবার। আগামী ৭ ডিসেম্বর থেকে আনুষ্ঠানিক ব্যান্ডউইডথ রপ্তানি শুরু হবে। বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) ও ভারত সঞ্চার নিগম লিমিটেড (বিএসএনএল) চুক্তি অনুযায়ী প্রাথমিকভাবে ১০ গিগাবাইট (জিবি) ব্যান্ডউইডথ রপ্তানির চুক্তি হয়েছে। পর্যায়ক্রমে ৪০ জিবি ব্যান্ডউইডথ রপ্তানি করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৬)।

**১১। এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে বেশি ফি নিলে ব্যবস্থা নেওয়ার নির্দেশ হাইকোর্টের**

এসএসসি পরীক্ষায় ফরম পূরণে পরীক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফি'র বাইরে অতিরিক্ত টাকা আদায় করলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। নির্দেশ যথাযথভাবে পালন করা হচ্ছে কিনা সে বিষয়ে শিক্ষা সচিব এবং শিক্ষা বোর্ডগুলোকে আগামী ৬ জানুয়ারির মধ্যে অগ্রগতি প্রতিবেদন দেয়ারও নির্দেশ দেওয়া হয়েছে আদেশে। গতকাল ৩০ নভেম্বর সোমবার বিচারপতি কাজী রেজা-উল হক ও আবু তাহের মো. সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ স্বতঃপ্রণোদিতভাবে এ আদেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২)।

চলমান পাতা/৪

**১২। বিদেশি সংস্থার চরসহ চার জেএমবি সদস্য গ্রেফতার**

রাজধানীর বিমানবন্দর ও খিলগাঁও থানা এলাকায় অভিযান চালিয়ে সন্দেহভাজন জেএমবির চার সদস্যকে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গত ২৯ নভেম্বর রোববার তাদের গ্রেফতার করা হয়। ডিএমপির মিডিয়া সেন্টারে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে ডিবির যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম বলেন, গ্রেফতার ব্যক্তিদের কাছ থেকে ২৬টি জঙ্গিবাদ বিষয়ক বই, তিনটি পাসপোর্ট, গুপ্তচরবৃত্তির কাজে ব্যবহৃত (স্পাই) একটি মোবাইলসহ পাঁচটি মোবাইল ফোনসেট, চার হাজার পাকিস্তানি মুদ্রা, দেড় হাজার ভারতীয় মুদ্রা, এক হাজার ৩০০ বাহরাইনের মুদ্রা ও এক হাজার ৬০০ জর্ডানের মুদ্রা পাওয়া গেছে। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সংবাদ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ নেশন, ডেইলি অবজারভার** : তেজগাঁওয়ের অবৈধ ট্রাকস্ট্যান্ড উচ্ছেদ করার সময় শ্রমিকরা সহিংস বাধা দেওয়ায় নিন্দা জানিয়ে ট্রাকস্ট্যান্ডটির বিকল্প ব্যবস্থার সাথে সাথে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) তার অবস্থানে অটল থেকে তেজগাঁওয়ের রাস্তা ট্রাকমুক্ত রাখতে কার্যকর ব্যবস্থা নেবে বলে প্রত্যাশা ব্যক্ত;

খ. **ইত্তেফাক** : বিনিয়োগ বোর্ডের এক গবেষণায় প্রকাশিত ঢাকায় যানজটের কারণে প্রতিবছর আর্থিক ক্ষতি হচ্ছে এক হাজার ২৫৬ কোটি মার্কিন ডলার যা বর্তমান জিডিপির প্রায় সাত শতাংশ উল্লেখ করে যানজটের অবস্থা স্বাভাবিক রাখতে যথাযথ পরিকল্পনা প্রণয়নের সুপারিশ;

গ. **জনকণ্ঠ** : চাহিদার অতিরিক্ত ফলমূল, শাকসবজি সংরক্ষণের জন্য রাজধানীর কাঁচাবাজারে হিমাগার স্থাপনের ওপর গুরুত্বারোপ;

ঘ. **সংবাদ** : বাল্যবিয়ের অভিশাপ থেকে কন্যাশিশুকে রক্ষায় বিয়ের বয়স ১৮ বছরের নীচে না করার সুপারিশ;

ঙ. **যুগান্তর** : একের পর এক শিশু হত্যা বন্ধে আইনের কঠোর পদক্ষেপের সাথে সাথে মানুষের মধ্যে মানবিকতা, নৈতিকতা ও মূল্যবোধ ফিরিয়ে আনতে হবে বলে মন্তব্য;

চ. **ডেইলি স্টার** : প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার জন্য সরকারি রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করা সংক্রান্ত বিষয়ের সমালোচনা করে কেবলমাত্র অনলাইন সংবাদ মাধ্যমের ক্ষেত্রে তা কার্যকর করার সুপারিশ;

ছ. **ইন্ডিপেনডেন্ট** : সরকারি অর্থ ব্যয়ে বিভিন্ন স্থাপনা নির্মাণাধীন অবস্থায় ভেঙ্গে পড়ায় সরকারি অর্থের অপচয় হওয়ায় এ ধরনের ব্যয়বহুল কাজের সুপারভাইজিং জোরদার করার সুপারিশ;

জ. **নিউজ টুডে** : আসন্ন পৌরসভা নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্যভাবে অনুষ্ঠিত হওয়ার প্রত্যাশা;

ঝ. **নিউ নেশন** : দেশের ৩৮টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে রিসার্চ ফান্ড না থাকায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ঞ. **নিউ এজ** : তৈরি পোশাক খাতে ৫৩ শতাংশ শ্রমিক অসন্তোষ দেখা দেয় সময় মতো মজুরি ও ওভারটাইম এলাউন্স না দেওয়াকে কেন্দ্র করে উল্লেখ করে জাতীয় স্বার্থে গার্মেন্টস মালিকদের এ ব্যাপারটির প্রতি আন্তরিক হওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে জাতীয় ঐক্যের পথ প্রশস্ত করার জন্য প্রয়োজন গণতান্ত্রিক চর্চাকে অবারিত করে দেওয়া বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বয়ঃসন্ধিকালের অপরাধ প্রবণতা ও শিক্ষক সমাজের দায়'** শিরোনামের নিবন্ধে মাসরুরুল হক তানভীর শিক্ষার্থীদের অবক্ষয় রোধ করে সঠিক পথে পরিচালিত করা নৈতিক চেতনায় সমৃদ্ধ শিক্ষকদের পক্ষে সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা